এক লোক নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের নিকট এসে এভাবে সালাম করল ‘আসসালামু আলাইকুম’ আর নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম তার জবাব দিলেন। অতঃপর লোকটি বসে গেলে তিনি বললেন, “ওর জন্য দশটি নেকী।”

ইমরান ইবন হুসাইন রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: এক লোক নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের নিকট এসে এভাবে সালাম করল ‘আসসালামু আলাইকুম’ আর নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম তার জবাব দিলেন। অতঃপর লোকটি বসে গেলে তিনি বললেন, “ওর জন্য দশটি নেকী।” তারপর দ্বিতীয় ব্যক্তি এসে ‘আসসালামু আলাইকুম ওয়ারাহমাতুল্লাহ’ বলে সালাম পেশ করল। নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম তার
সালামের উত্তর দিলেন এবং লোকটি বসলে তিনি বললেন, “ওর জন্য বিশটি নেকী।” তারপর
আরেকজন এসে ‘আসসালামু আলাইকুম অরাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহ’ বলে সালাম দিল। তিনি
তার জবাব দিলেন। অতঃপর সে বসলে তিনি বললেন, “ওর জন্য ত্রিশটি নেকী।”
[হাসান] [এটি আবূ দাউদ, তিরমিযী, আহমাদ ও দারিমী বর্ণনা করেছেন।]

এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে এসে বললেন: আসসালামু আলাইকুম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার সালামের উত্তর দিলেন, তারপর লোকটি বসল। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: তার জন্য দশ নেকি লেখা হয়েছে। তারপর আরেকজন এল এবং বলল: আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার উত্তর দিলেন, তারপর লোকটি বসল। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: তার জন্য বিশ নেকি লেখা হয়েছে। এরপর আরেকজন এল এবং বলল: আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহু। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার উত্তর দিলেন, তারপর লোকটি বসল। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: তার জন্য ত্রিশ নেকি লেখা হয়েছে। অর্থাৎ, সালামের প্রতিটি বাক্যের জন্য দশটি করে নেকি লেখা হয়েছে।

http://sunnah.global/hadeeth/bn/show/3587